

66

দৈনিক ইকিলাব

তারিখ 29 JUN 1978
পৃষ্ঠা ১০ কলাম ৬

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের
বেতন ফি বিষয়ে
ট্রেজারারের বক্তব্য একান্তই
তার ব্যক্তিগত

—ডাঃ বিঃ কর্তৃপক্ষ

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের
বার্ষিক অধিবেশনের গত ১৬ জুন, ১৯৯৮
তারিখের সভায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার
বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ সনের বাজেট
পেশকালে তাঁর বাজেট বক্তৃতায় ছাত্রদের
বেতন/ ফি সম্পর্কে যে বক্তব্য রাখেন তাকে
কেন্দ্র করে বিভিন্ন পত্র-পত্রিকায় এমন কিছু
সংবাদ পরিবেশিত হয় যার দ্বারা জনমনে
বিস্মতির সৃষ্টি হয়েছে।

প্রকৃতপক্ষে ট্রেজারার তাঁর বক্তৃতায় "ঢাকা
বিশ্ববিদ্যালয়ে ছাত্র প্রতি ফি কমপক্ষে
১০,০০০/- ধার্য করা উচিত" বলে যে বক্তব্য
দিয়েছেন তা একান্তই তাঁর ব্যক্তিগত
চিন্তা-চেতনার প্রতিফলন। এর সাথে
বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সিদ্ধান্তের কোন
সম্পর্ক নেই। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ে
প্রথম বছরে ভর্তি হওয়ার সময় ছাত্র বেতন
অন্যান্য ফিসহ ২,০২০/- টাকা ছিল যা
বর্তমানে ২৭০০/- টাকা করা হয়েছে মাত্র।
এই বর্ধিত ফি-এর অধিকাংশই প্রথম বর্ষে
এককালীন প্রদেয়। উল্লেখ্য, ছাত্রদের নিকট
থেকে সংগৃহীত অর্থের একটি বড় অংশ ছাত্র
বৃত্তিসহ ছাত্রদের কল্যাণমূলক অন্যান্য খাতেই
ব্যয়িত হয়।

ট্রেজারার তাঁর বাজেট বক্তৃতার শেষ পর্যায়ে
"who owns DU? দু'-চার বছরে না
হলেও আগামী শতকের প্রথম দিকে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের মালিকানার বিষয়টি নির্ধারিত
হবে" ইত্যাদি মর্মে যে বক্তব্য দিয়েছেন তা-ও
একান্তই তাঁর নিজস্ব। এর সাথেও
বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সিদ্ধান্তের কোন
সম্পর্ক নেই। ঢাকা বিশ্ববিদ্যালয় জাতীয়
সম্পদ এবং তা জ্ঞাতিরই থাকবে। তবে
ট্রেজারার যে বক্তব্য দিয়েছেন তা আগামী
শতকের চিন্তা-চেতনার আলোকে দিয়েছেন।